

ভারত-ইরানের মধ্যে আন্তর্সরকারি সমঝোতা

ইরানের ছাবাহার বন্দর উন্নয়নে অংশগ্রহণের জন্য ভারত প্রজাতন্ত্রের জাহাজ পরিবহণ এবং পরিবহণ ও হাইওয়ে মন্ত্রী সম্মানীয় শ্রী নীতিন গড়কড়ি ও ইরান ইসলামিক প্রজাতন্ত্রের পরিবহণ ও নগরউন্নয়ন মন্ত্রী সম্মানীয় ডঃ আব্বাস আহমেদ আখৌন্ডি আজ আন্তর্সরকারি পর্যায়ের সমঝোতাপত্র স্বাক্ষর করেন।

এই সমঝোতা পত্র স্বাক্ষরের পর ভারতীয় ও ইরানিয়ান বাণিজ্যিক সংস্থাগুলি একটি বাণিজ্যিক চুক্তি চূড়ান্ত করার লক্ষ্যে বাণিজ্যিক দর নিদ্বারনের অবস্থায় উপনীত হবেন। বন্দরে অবস্থিত দুটি বার্থ ভারতীয় ফার্ম লিজ দেবেন যাতে ঐ দুটিকে কনটেনার ও বহুমুখী ব্যবহারযোগ্য কার্গো টার্মিনাল রূপে বাস্তবায়ন করা যায়।

ছাবাহার বন্দরের কার্যকর কনটেনার এবং বহুমুখী ব্যবহারযোগ্য কার্গো টার্মিনাল চালু হলে আফগানিস্তানের মালারূপের সড়ক নেটওয়ার্ক সমুদ্র বন্দরে প্রবেশের বিকল্প পথ হিসাবে ব্যবহৃত হবে। এতে আফগানিস্তানের পক্ষে আঞ্চলিক ও আন্তর্জাতিক বাজারে প্রবেশের সুযোগ বৃদ্ধি পাবে এবং ঐ দেশে পূর্নগঠন ও মানবিক উন্নয়নের যে কাজ চলছে তাতে আরো গতি আসবে।

নয়াদিল্লি

৬ মে ২০১৫